

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৭৪৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, হজের দিনগুলিতে মিনায় অবস্থান করার সময় হাজীদের জন্য জরুরী হলো পূর্ণ সালাত আদায় করা, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الحاجَّ عليه أن يتمَّ الصلاة بمِنَى أيامَ مقامه بها

আরবী

2747 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلَمٍ قَالَ: حَدَّثَنَا حَزْمَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ ابْنِ شِهَابٍ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى صَلَاةَ الْمُسَافِرِ بِمِنَى رَكَعَتَيْنِ وَأَبُو بَكْرٍ وَعُمَرُ وَعُثْمَانُ رَكَعَتَيْنِ صَدْرًا مِنْ خِلاَفَتِهِ ثُمَّ أَتَمَّهَا أَرْبَعًا.

الراوي : حَارِثَةُ بْنُ وَهْبٍ الْخَزَاعِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2747 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1712).

বাংলা

২৭৪৭. আব্দুল্লাহ বিন উমার রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবু বকর, উমার রাযিয়াল্লাহু আনহুমা মিনায় মুসাফির হিসেবে দুই রাকা‘আত সালাত আদায় করেছেন। উসমান রাযিয়াল্লাহু আনহুও খিলাফতের প্রথম দিকে দুই রাকা‘আত সালাত আদায় করেন। তারপর তিনি পূর্ণ চার রাকা‘আত সালাত আদায় করেন।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৬৯৪; দারেমী: ১/৩৫৪; সহীহুল বুখারী: ১০৮২; নাসাঈ: ৩/১২১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭১২)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92077>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন